

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ৭. ৪. নারী-শিশু নির্বিশেষে সকল মানুষ হত্যা এবং পশু লুট / ৯. ৭. ৪. ১. আমোরীয়দের সকল নারী-পুরুষ ও শিশু-কিশোর হত্যা

৯. ৭. ৪. নারী-শিশু নির্বিশেষে সকল মানুষ হত্যা এবং পশু লুট

অন্যান্য অনেক ক্ষেত্রে বাইবেলীয় ঈশ্বর এবং বাইবেলীয় ভাববাদী ও ধার্মিকরা সকল মানুষ হত্যা করলেও পশুদের প্রতি দয়া প্রদর্শন করেছেন। পশুদেরকে হত্যা না করে তারা সোনা, রূপা ও অন্যান্য মূল্যবান দ্রব্যের সাথে পশু লুট করেছেন।

৯. ৭. ৪. ১. আমোরীয়দের সকল নারী-পুরুষ ও শিশু-কিশোর হত্যা

মোশি বা মূসা (আ.)-এর সময়ে আমোরীয়দের বাদশাহ ছিলেন সীহোন। "আমোরীয়দের বাদশাহ সীহোন (Sihon king of the Amorites) ... হিষবোন (Heshbon) ছিল আমোরীয়দের বাদশাহ সীহোনের রাজধানী। তিনি মোয়াব (Moab) দেশের আগেকার বাদশাহর সংগে যুদ্ধ করে তাঁর কাছ থেকে অর্ণোব (Arnon) নদী পর্যন্ত সমস্ত দেশ দখল করে নিয়েছিলেন। (শুমারী ২১/২১, ২৬)

এ বিশাল দেশের রাজা, জনগণ ও নারী-পুরুষ ও শিশু-কিশোর নির্বিশেষে সকল মানুষকে হত্যা করেন মোশি। স্বয়ং ঈশ্বর বাদশাহ সীহোনের মন শক্ত করে এ গণহত্যার ব্যবস্থা করেন। "কিন্তু হিম্নোনের বাদশাহ সীহোন তাতে রাজী হলেন না। তোমাদের মাবুদ আল্লাহ তাঁর মন কঠিন করেছিলেন ও অন্তর একগুঁয়েমিতে ভরে দিয়েছিলেন যাতে তিনি তোমাদের হাতে পড়েন, আর এখন তা-ই ঘটেছে। ... এর পর যখন সীহোন তাঁর সৈন্যসামন্ত নিয়ে বের হয়ে যহসে আমাদের সংগে যুদ্ধ করতে আসলেন তখন আমাদের মাবুদ আল্লাহ তাঁকে আমাদের হাতে এনে দিলেন। আমরা তাঁকে, তাঁর সব ছেলেদের এবং তাঁর সৈন্যদলকে ধ্বংস করলাম। সেই সময়ে আমরা তাঁর সমস্ত গ্রাম ও শহর দখল করে নিলাম এবং তাদের পুরুষ, স্ত্রীলোক ও ছেলেমেয়েদের একেবারে ধ্বংস করে ফেললাম; তাদের কাউকেই আমরা বাঁচিয়ে রাখিনি। কিন্তু পশুপাল এবং শহর থেকে লুট করা জিনিসপত্র আমরা নিজেদের জন্য নিয়ে আসলাম।" (দ্বিতীয় বিবরণ ২/৩০-৩৫। পুনশ্চ: গণনাপুস্তক ২১/২১-৩১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14619

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন